

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৬৯

পরিচ্ছেদঃ ১৯. তৃতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

### আরবী

وَعَنْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: تَعَلَّمُوا الْفَرَائِضَ وَزَادَ ابْنُ مَسْعُودٍ: وَالطَّلَاقَ وَالْحَجَّ قَالَا: فَإِنَّهُ مِن دينكُمْ. رَوَاهُ الدَّارِمِيّ

#### বাংলা

৩০৬৯-[২৯] 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'ফারায়িয' শিক্ষা লাভ কর। ইবনু মাস্'উদ (রাঃ) অতিরিক্ত বলেছেন, তালাক ও হজে/হজ্জের মাসায়িলও। অতঃপর উভয়ে বলেছেন, কেননা তা তোমাদের দীনের অঙ্গ-প্রত্যঙ্গ। (দারিমী)[1]

# ফুটনোট

[1] য'ঈফ: দারিমী ২৮৯৩, ২৮৯৮। কারণ দারিমীর উভয় সনদেই ইনকিত্বা' রয়েছে। প্রথম সনদে রাবী ইবরাহীম ও 'উমার (রাঃ) আর দ্বিতীয় সনদে আল কসিম বিন ওয়ালীদ ও ইবনু মাস্'উদ (রাঃ)-এর মাঝে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে 'উমার ইবনুল খত্বাব 'ইলমুল ফারায়িয় শিক্ষা গ্রহণ করার জন্য উৎসাহিত করেছেন। কেননা এটা দীনের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। ইবনু মাস্'উদ 'ইলমুল ফারায়িযের সাথে সাথে তালাক ও হজ্জ/হজ বিষয়ক জ্ঞান অর্জনের কথাও বলেছেন। 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর হাদীস النَّاسَ، فَإِنَّهُ نِصُفُ الْفِلْمِ "তোমরা 'ইলমুল ফারায়িয় শিক্ষা গ্রহণ কর এবং এটা মানুষকেও শিক্ষা দাও। কেননা এটা সমস্ত 'ইলমের অর্ধেক।" 'ইলমুল ফারায়িয় সকল জ্ঞানের অর্ধেক, এটা অত্যধিক গুরুত্ব প্রদান করার জন্যে বলা হয়েছে। মানুষের জীবন-মৃত্যু দু'টি অবস্থার মধ্যে মৃত্যুর সাথে এই জ্ঞানটির সংশ্লিষ্টতার কারণে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনটি বলেছেন। কেননা মানুষের দু'টি অবস্থার হয়ত জীবন নতুবা মরণ যাবতীয় 'ইলম জীবিত অবস্থার সাথে সম্পৃক্ত। আর মীরাসটা মৃত্যুর সাথে সংশ্লিষ্ট। আর এটা দু'টি অবস্থার একটি, তাই এটাকে জ্ঞানের অর্ধেক বলেছেন। (মিরকাতুল মাফাতীহ)



## হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন